

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

আপীল বিভাগ, ঢাকা।

নং- ২৬০ /২০১৯ এসসি (এডি)

তারিখঃ ২৬/১/১৯

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের বেঞ্চ রীডার-এর ০২ (দুই) টি পদ শূন্য আছে। উক্ত শূন্যপদ বিভাগীয় পদোন্নতি/আত্মীকরণের মাধ্যমে পূরণের নিমিত্ত মাননীয় প্রধান বিচারপতি মহোদয় সানুগ্রহ আদেশ প্রদান করেছেন।

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের বেঞ্চ রীডার পদে যোগ্যতাসম্পন্ন আগ্রহী প্রার্থীদের আগামী ২৯/০১/২০১৯ খ্রি. সময় সকাল-১১:৩০ ঘটিকায় বিজ্ঞ রেজিস্ট্রার (আপীল বিভাগ) এর কক্ষে সাক্ষাৎকার ও বিধি মোতাবেক নির্ধারিত গতি নিয়ে বাংলা ও ইংরেজি (শর্টহ্যান্ড ও টাইপিং) পরীক্ষা গ্রহণ করা হবে। এমতাবস্থায়, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল ও হাইকোর্ট বিভাগে কর্মরত যোগ্যতাসম্পন্ন আগ্রহী প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র দাখিল করে উল্লিখিত তারিখ ও সময়ে অনুষ্ঠিতব্য বেঞ্চ রীডার পদে টেকনিক্যাল পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্ত আহ্বান করা হলো।

উল্লেখ্য, বেঞ্চ রীডার পদে দায়িত্ব পালনের নিমিত্ত গত ০৪/১১/২০১৮ খ্রি. তারিখ ৫৩১৩/২০১৮ এসসি (এডি) নং স্মারকে বিজ্ঞ রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ-এর সমীপে পত্র প্রেরণ করা হয়।

আদেশক্রমে,

স্বাঃ/-

(মোঃ বদরুল আলম ভূঞা)


রেজিস্ট্রার।

তারিখঃ ২৬/১/১৯

নং- ২৬০(১৮)/২০১৯ এসসি (এডি)

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসার নয়):

- ০১। বিজ্ঞ রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ০২। বিজ্ঞ রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
- ০৩। বিজ্ঞ রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ০৪। ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ০৫। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
- ০৬। প্রোগ্রামার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের নিমিত্ত)
- ০৭। নোটিশ বোর্ড, আপীল বিভাগ, ঢাকা।
- ০৮। অফিস কপি।



২৬-০১-১৯

(মোহাম্মদ মেহেদী হাসান)

ডেপুটি রেজিস্ট্রার।